



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২৫০৯

তারিখ

১৬ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
৩১ অক্টোবর ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬১৪ তম কমিশন সভা অদ্য ৩১/১০/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

- কমিশন অদ্যকার সভায় LankaBangla Finance Limited এর রাইট শেয়ার (১R:২ অর্থাৎ বিদ্যমান দুইটি সাধারণ শেয়ারের বিপরীতে একটি রাইট শেয়ার) অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে LankaBangla Finance Limited কে কমিশন ১৫,৯১,২৫,৪৭০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০.০০ টাকা মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। রাইটস শেয়ারের মাধ্যমে কোম্পানিটি মোট ১৫৯,১২,৫৪,৭০০.০০ টাকা মূলধন উত্তোলন করে BASEL-III এর শর্ত পরিপালন করবে। রাইটস শেয়ার ডকুমেন্ট অনুযায়ী (ডিসেম্বর ৩১, ২০১৬ অনুযায়ী) কোম্পানিটির শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV) টাকা ২৪.১৬ এবং শেয়ার প্রতি আয় টাকা ২.৮৭। উল্লেখ্য যে, AFC Capital Limited উক্ত রাইট ইস্যুর ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন করছে।
- সভায় বে-মেয়াদী HFAML Unit Fund এর খসড়া প্রসপেক্টাসের অনুমোদন প্রদান করা হয়েছে। মিউচুয়াল ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৫০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ৫ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৪৫ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। এ বে-মেয়াদী ফান্ডটি নিয়মিত বিনিয়োগ পরিকল্পনার (Systematic Investment Plan) আওতায় বিনিয়োগকারীদের নিকট ইউনিট বিক্রয় করতে পারবে। ফান্ডটির উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক এইচএফ এ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড। এছাড়া ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।
- Paramount Textile Limited এর ৫০ কোটি টাকার Non-Convertible Zero Coupon Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে চার বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, non-convertible, non-listed, fully redeemable, secured, zero coupon bond। বন্ডটি চার বছরে full redemption হবে, যা শুধুমাত্র ব্যাংক, কর্পোরেট হাউজ, ইন্স্যুরেন্স কোম্পানীসমূহ, আর্থিক প্রতিষ্ঠানসমূহ, অ্যাসেট ম্যানেজমেন্ট ফার্মস, মিউচুয়াল ফান্ড, মার্চেন্ট ব্যাংকসমূহ এবং উচ্চ সম্পদশালী (high net worth) বিনিয়োগকারীগণ প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে উত্তোলিত অর্থ প্রতিষ্ঠানটি তাদের দীর্ঘ মেয়াদি মূলধনের প্রয়োজনীয়তা পূরণ করবে। বন্ডটির অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের Trustee এবং Mandated Lead Arranger হিসাবে যথাক্রমে IDLC Investments Limited এবং IDLC Finance Limited দায়িত্ব পালন করছে।


মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।